দৈনিক আমাদের সময়

21 OCT 2016

রোববার থেকে চবির ভর্তিযুদ্ধ

# ৪৭৯১ আসনের বিপরীতে লড়াই ২৪৪৭৭৯ জনের

চট্টগ্রাম ব্যুরো ●

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনার্স প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী রোববার থেকে শুরু হচ্ছে। ৩১ অক্টোবর পর্যন্ত এ ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ বছর চবিতে ৪ হাজার ৭৯১টি আসনের বিপরীতে ২ লাখ ৪৪ হাজার ৭৭৯ জন পরীক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছেন। প্রতিটি আসনের বিপরীতে ভর্তিযুদ্ধে অংশ নেবেন ৫১ জন শিক্ষার্থী।

ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ধরনের প্রস্তুতি সম্পন্ন করেছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসন। পরীক্ষার দিনগুলোতে চট্টগ্রাম জেলা প্রশাসন, পুলিশ প্রশাসন, র‌্যাব-৭, পিডিবি, সড়ক ও জনপথ বিভাগ, ট্রাফিক, গোয়েন্দা সংস্থা যৌথভাবে কাজ করবে। ভর্তি পরীক্ষা চলাকালীন সময়ে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের ক্যাম্পাসে যাতায়াতের সুবিধার্থে বিশ্ববিদ্যালয়গামী দুটি শাটল ট্রেন বটতলী এরপর পৃষ্ঠা ৯ কলাম ৪

## ৪৭৯১ আসনের বিপরীতে লড়াই

(৩ এর পৃষ্ঠার পর) রেলস্টেশন থেকে সকাল ৬.১৫ মিনিটে, ৭.৩০ মিনিটে, ৮.৩০ মিনিটে, দুপুর ১২টা, বিকাল ৩টা, ৪টা ও রাত ৮.৩০ মিনিটে শহর ছেড়ে যাবে। ক্যাম্পাস থেকে সকাল ৭.২৫ মিনিটে, ৯.০০ মিনিটে, দুপুর ১.০৫ মিনিটে, দুপুর ১.৩০ মিনিটে, বিকাল ৪.৫০ মিনিটে, বিকাল ৫.৩০ মিনিটে এবং রাত ৯.৪০ মিনিটে শহরের উদ্দেশে বিশ্ববিদ্যালয় ছেড়ে আসবে। এ ছাড়াও একটি ডেম্যু ট্রেন বটতলী স্টেশন থেকে সকাল ৯.৩০ মিনিটে ও দুপুর ১২.৩০ মিনিটে বটতলী রেল স্টেশন থেকে ক্যাম্পাসের উদ্দেশে ছেড়ে যাবে। ডেম্যু ট্রেনটি সকাল ১১.০০ মিনিটে ও বিকাল ২.৩০ মিনিটে ক্যাম্পাস থেকে শহরের উদ্দেশে ছেড়ে আসবে। চবি ২০১৬-১৭ শিক্ষাবর্ষের অনার্স ভর্তি পরীক্ষা কমিটির সচিব আকবর হোসাইন জানান, ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সকল ধরনের প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরীর সভাপতিত্বে গত বুধবার সন্ধ্যায় চবি চারুকলা ইনস্টিটিউট সভাকক্ষে ভর্তি সংক্রান্ত একটি সভা অনুষ্ঠিত হয়েছে।